**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 08-02-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। স্বাক্ষরিত হয়েছে একাধিক সমঝোতা স্মারক পত্র

২) বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন যে ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি একদিকে যেমন ন্যায়সঙ্গত ও ভারসাম্যপূর্ণ , অপরদিকে কৃষক স্বার্থও সম্পূর্ণরূপে সুরক্ষিত।

৩) ছত্তিশগড়ের বামপন্থী চরমপন্থা-প্রভাবিত অঞ্চলগুলিতে নিরাপত্তা পরিস্থিতি এবং উন্নয়ন প্রকল্পের অগ্রগতি মূল্যায়ন করতে আজ রায়পুরে উচ্চ পর্যায়ের বৈঠক করছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ।

৪) কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ আয়কর আইন- ২০২৫ সংক্রান্ত প্রস্তাবিত বিধি এবং ফর্ম সম্পর্কে সংশ্লিষ্ট সকলের কাছ থেকে পরামর্শ চেয়েছে।

৫) জাপানের সংসদীয় নির্বাচনে আজ সে দেশে ভোট গ্রহণ চলছে।

৬) টি -২০ বিশ্বকাপে আজ প্রথম ম্যাচে আফগানিস্তান, নিউজিল্যান্ড এর সামনে জয়ের জন্য ১৮৩ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

অন্য দুটি ম্যাচে ইংল্যান্ড, নেপালের এবং শ্রীলঙ্কা, আয়ারল্যান্ডের মুখোমুখি হবে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কুয়ালালামপুরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে পারস্পারিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে দ্বিপাক্ষিক বৈঠক করেন। তাঁদের আলোচনায় বিপর্যয় ব্যবস্থাপনা, দুর্নীতির বিরুদ্ধে লড়াই, সেমিকন্ডাক্টর উন্নয়ন, নিরাপত্তা এবং দৃশ্য-শ্রাব্য যৌথ প্রযোজনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। শ্রী মোদী বলেন, দুটি দেশই শক্তি,পরিকাঠামো এবং ডিজিটাল অর্থনীতিতে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা স্বাস্থ্য এবং খাদ্য নিরাপত্তা বিষয়ে ভারত ও মালয়েশিয়া আগামী দিনে তাদের সহযোগিতা আরো প্রসারিত করবে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেছেন।
বিশ্বশান্তি, স্থিতিশীলতা এবং বাণিজ্যের অগ্রগতিতে সহযোগী দেশগুলির মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গীকে যথেষ্ট গুরুত্ব দেয়।

বাইট

উভয়ের উপস্থিতিতে বেশ কয়েকটি স্মারক সমঝোতা স্মারক পত্র স্বাক্ষরিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, উভয়পক্ষই সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ।

বাইট

---------------------

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, ভারত-মার্কিন বাণিজ্য চুক্তিতে ভারতীয় রপ্তানির জন্য শুল্ক ৫০ শতাংশ কমিয়ে ১৮ শতাংশ করা হয়েছে। নতুন দিল্লিতে গতকাল ভারত-মার্কিন যৌথ বিবৃতি সম্পর্কে শ্রী গোয়েল বলেন, চীন, পাকিস্তান, বাংলাদেশ ও ভিয়েতনামসহ প্রতিবেশী দেশগুলোর তুলনায় ভারতের ক্ষেত্রে শুল্কের হার কম। শ্রী গোয়েল জোর দিয়ে বলেন যে, এই চুক্তি দেশের কৃষি ও দুগ্ধ ক্ষেত্রকে সুরক্ষা দেবে এবং মশলা, চা, কফি, কাজুবাদাম, চিনা বাদাম, অ্যাভোকাডো, কলা, আম, কিউই ও পেঁপের মতো কৃষিপণ্য মার্কিন যুক্তরাষ্ট্রে

শুল্কমুক্ত সুবিধা পাবে। মন্ত্রী আরও বলেন যে, দেশের সব ক্ষেত্রই এই বাণিজ্য চুক্তিকে স্বাগত জানিয়েছে। মন্ত্রী এই চুক্তিকে ন্যায়সঙ্গত ও ভারসাম্যপূর্ণ বলে বর্ণনা করেছেন। এতে কৃষক স্বার্থ সম্পূর্ণরূপে সুরক্ষিত বলেও তিনি জানিয়েছেন।

মন্ত্রী বলেন, সরকার আগামী দিনে ভারত-মার্কিন দ্বিপাক্ষিক বাণিজ্যকে ৪৫ লক্ষ কোটি টাকায় নিয়ে যাওয়ার লক্ষ্য নির্ধারণ করেছে। বাণিজ্য চুক্তির ফলে বিনিয়োগকারীদের জন্য নতুন সুযোগ তৈরি হয়েছে এবং তাদের এর সদ্ব্যবহার করা উচিত। তিনি আরও বলেন যে, এই চুক্তিটি ক্ষুদ্র ও মাঝারি শিল্প, কারিগর, তাঁতি এবং রপ্তানিমুখী শিল্পে নিযুক্ত তরুণদের জন্য নতুন দ্বার উন্মোচন করবে এবং তারাই হবেন এর অন্যতম প্রধান সুবিধাভোগী।

---------------------

ছত্তিশগড়ের নকশাল চরমপন্থা-প্রভাবিত অঞ্চলগুলিতে নিরাপত্তা ব্যবস্থা এবং উন্নয়ন প্রকল্প পর্যালোচনা করাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র  মন্ত্রী অমিত শাহ কৈতোডেতে দুটি উচ্চ-স্তরের বৈঠক করেন। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তা, নিরাপত্তা সংস্থার প্রতিনিধিরা এই বৈঠকে অংশগ্রহণ করেন। বৈঠকে নিরাপত্তা পরিস্থিতি এবং উন্নয়ন প্রকল্পগুলির অগ্রগতি মূল্যায়ন করা হয়।

আজ সন্ধ্যায়, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রায়পুরে "ছত্তিশগড় @২৫: শিফটিং লেন্স " শীর্ষক জাতীয় সম্মেলনে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন।

শ্রী শাহ আগামীকাল জগদলপুরে বস্তার পান্ডুম উৎসবের সমাপ্তি  অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, শাহ ছত্তিশগড়ের তিন দিনের সফরে গতকাল সন্ধ্যায় রায়পুরে পৌঁছেছেন।

---------------------

দেশের উত্তর-পূর্বাঞ্চলের সংযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে নতুন একটি ভূগর্ভস্থ রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে। প্রস্তাবিত নতুন লাইনটি শিলিগুড়ি করিডোর দিয়ে যাবে। তিনমাইল হাট থেকে রাঙ্গাপাণী এবং সেখান থেকে বাগডোগরা পর্যন্ত সম্প্রসারিত হবে লাইনটি। কৌশলগতভাবে সংবেদনশীল এই করিডোরে সুরক্ষিত, নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন রেল সংযোগ নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। এই করিডোরটি প্রায় ২২ কিলোমিটার চওড়া একটি সংকীর্ণ ভূখণ্ডের মাধ্যমে মূল ভারতকে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে সংযুক্ত করে। নেপাল, ভুটান ও বাংলাদেশ লাগোয়া আন্তর্জাতিক সীমান্তের কাছাকাছি থাকা, এই আন্ডারগ্রাউন্ড রেললাইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে মনে করা হচ্ছে।

---------------------

ইউ পি এস সি পরীক্ষার্থীদের সাহায্যের জন্য কল সেন্টারের কার্যকালীন সময়সীমা বাড়ানো হয়েছে। এক বিবৃতিতে ইউপিএসসি জানিয়েছে, পরীক্ষার্থীদের সুবিধার্থে এবং বিভিন্ন বিষয়ে সমাধান করতে এখন থেকে ইউপিএসসি কল সেন্টার শনি ও রবিবারও খোলা থাকবে।

---------------------

কেন্দ্রীয় প্রত্যক্ষ কর পর্ষদ (CBDT), আয়কর আইন- ২০২৫ সংক্রান্ত প্রস্তাবিত নিয়ম এবং ফর্ম সম্পর্কে সংশ্লিষ্ট সকলের কাছ থেকে পরামর্শ আহ্বান করেছে। গত বছর আগস্টে রাষ্ট্রপতির সম্মতির পর এই আয়কর আইনটি এ বছরের ১লা এপ্রিল থেকে কার্যকর হবে।

অর্থ মন্ত্রক  জানিয়েছে যে চূড়ান্ত বিজ্ঞপ্তির আগে, প্রস্তাবিত আয়কর নিয়ম এবং ফর্মগুলি অফিসিয়াল ওয়েবসাইট, incometaxindia.gov.in-এ আপলোড করা হয়েছে। ভাষা সরলীকরণ, মামলা মোকদ্দমা হ্রাস, সম্মতির বোঝা হ্রাস,  অপ্রয়োজনীয় বা অপ্রচলিত নিয়ম এবং ফর্ম সনাক্তকরণ সম্পর্কেও মতামত  চাওয়া হয়েছে।

---------------------

পশ্চিমবঙ্গের রেল পরিকাঠামোর উন্নয়নে দুটি রোড ওভার ব্রীজ ও একটি নতুন ট্রেন পরিষেবার সূচনা হচ্ছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে সিউড়ি রোড অভার ব্রীজের উদ্বোধন এবং কুমারপুর রোড ওভার ব্রীজটি জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। একই অনুষ্ঠানে আসানসোল – বোকারো ট্রেন পরিষেবারও সূচনা হবে। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিধানসভায় বিরোধী দলনেতা শভেন্দু অধিকারী। রোড ওভার ব্রীজগুলি যানজট কমানোর পাশাপাশি যাত্রীদের নিরাপদ ও দ্রুত যাতায়াত নিশ্চিত করবে।

---------------------

প্রাক্তন জল সম্পদ মন্ত্রী এবং প্রবীণ আওয়ামী লীগ নেতা রমেশ চন্দ্র সেন বাংলাদেশের দিনাজপুর জেলা কারাগারে প্রয়াত হয়েছেন। তাঁর বয়স হয়েছিল  ৮৫।

কারা ও হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, গতকাল সকালে রমেশ চন্দ্র সেনের অবস্থার অবনতি হয়। তাকে সকাল ৯:১০ মিনিটে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যাওয়া হয় এবং মাত্র ১৯ মিনিট পরে, ৯:২৯ মিনিটে তাঁকে মৃত ঘোষণা করা হয়। ফলে বয়স্ক বন্দীদের চিকিৎসা সেবার বিষয়টি নতুন করে খতিয়ে দেখার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

দিনাজপুর জেলা কারাগারের সুপারিনটেনডেন্ট ফরহাদ সরকার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, আইনি আনুষ্ঠানিকতার পর মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে। তবে কর্তৃপক্ষ স্পষ্ট করে জানায়নি যে সেন নিয়মিত চিকিৎসা তত্ত্বাবধানে ছিলেন কিনা অথবা কেন হেফাজতে তার অবস্থার এত দ্রুত অবনতি হয়েছিল।

ঠাকুরগাঁও-১ (সদর) থেকে পাঁচবারের সংসদ সদস্য সেনকে ৫ আগস্টের রাজনৈতিক অস্থিরতার পর ১৬ আগস্ট, ২০২৪ তারিখে তার বাসভবন থেকে গ্রেপ্তার করা হয়।

---------------------

জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির আহ্বানে আগাম সংসদীয় নির্বাচনে আজ ভোট দেবেন সেই দেশের ভোটাররা। কয়েকমাস আগে আইনপ্রণেতাদের দ্বারা নির্বাচিত হলেও জনগণের রায় জানতে এই সিদ্ধান্ত নিয়েছেন তিনি। বিরোধী দল-নিয়ন্ত্রিত উচ্চকক্ষকে পরাজিত করতে তাকাইচির লিবারেল ডেমোক্রেটিক পার্টি এবং ইশিন নামে পরিচিত জাপান ইনোভেশন পার্টির জোটকে ৩১০টি আসন জয় করতে হবে। তবে শাসক জোট যদি সংখ্যাগরিষ্ঠতা হারায়, তবে তিনি পদত্যাগ করবেন বলেও প্রতিশ্রুতি দিয়েছেন জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী তাকাইচি।

উল্লেখ্য নির্বাচনের প্রথম ধাপে এক সপ্তাহ আগে পর্যন্ত প্রায় ৪৬ লক্ষ মানুষ আগাম ভোট দিয়েছেন, যা ২০২৪ সালের আগের নির্বাচনের তুলনায় ২.৫ শতাংশ কম।তবে উত্তর ও পশ্চিমাঞ্চলে ভারী তুষারপাতের কারণেই এই ভোটদানের হার কমেছে বলে মনে করা হচ্ছে। ভোটাররা ২৮৯টি আসনের নির্বাচনী এলাকা থেকে আইনপ্রণেতা নির্বাচন করবেন এবং বাকি আসনগুলির আইনপ্রণেতা নির্বাচিত দলগুলোর আনুপাতিক প্রতিনিধিত্বমূলক ভোটের মাধ্যমে নির্ধারিত হবে।

---------------------

রাশিয়া-ইউক্রেন শান্তি চুক্তি সম্পন্ন করার ব্যাপারে মার্কিন যুক্তরাষ্ট্রের বেঁধে দেওয়া সময়সীমার কথা উল্লেখ করে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি বলেছেন, চলতি বছর জুনের মধ্যে এই চুক্তি না হলে ট্রাম্প প্রশাসন ইউক্রেন ও রাশিয়ার ওপর চাপ সৃষ্টি করতে পারে। জেলেনস্কি জানিয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্র আগামী সপ্তাহে মিয়ামিতে, পরবর্তী দফার আলোচনা আয়োজনের প্রস্তাব দিয়েছে। ইউক্রেন এতে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করেছে। আবুধাবিতে সম্প্রতি মার্কিন মধ্যস্থতায় অনুষ্ঠিত ত্রিপাক্ষিক আলোচনা ব্যর্থ হবার পর এই সময়সীমা নির্ধারণের জন্য চাপ এসেছে।

---------------------

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু আগামী বুধবার ওয়াশিংটন সফর করবেন।এবারের গুরুত্বপূর্ণ সফরে তিনি মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে দেখা করে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সমঝোতা আলোচনার বিষয়ে বিস্তারিত তথ্য জানতে চাইবেন।

নেতানেয়াহুর কার্যালয় থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, ইজরায়েল দুটি দেশের আলোচনায় তেহরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচিকে বিশেষ গুরুত্ব দেওয়ার ওপর জোর দিয়েছে। তেহেরান যাতে তাদের ক্ষেপণাস্ত্র কর্মসূচি নির্দিষ্ট সীমাবদ্ধতার মধ্যে রাখে সেই বিষয়টিও যুক্তরাষ্ট্রকে দেখার কথা শ্রী নেতানেয়াহু বলেছেন। উল্লেখ্য, ইরান ও মার্কিন প্রতিনিধিদল গত শুক্রবার ওমানে অ-প্রত্যক্ষ আলোচনা করার পর ইজরায়েলের তরফ থেকে এই ঘোষণা করা হল।গত বছর ইরানে ইসরায়েলি হামলার পর এটিই প্রথম এই ধরনের আলোচনা।

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন  আলোচনায় অগ্রগতি লক্ষ্য করা গেছে। আগামী সপ্তাহের প্রথম দিকে আরও একবার আলোচনা হওয়ার কথা।

--------------------

ইতালির রাজধানী মিলানে অলিম্পিক বিরোধী বিক্ষোভ হিংসাত্মক হয়ে উঠেছে। পুলিশের সঙ্গে সংঘর্ষে আহত হয়েছেন বেশ কয়েকজন। গতকাল মিলানে শান্তিপূর্ণ মিছিল চলাকালীন কয়েকশো বিক্ষোভকারী পুলিশকে লক্ষ্য করে স্মোকবোম্ব, বোতল এবং আতশবাজী ছুঁড়তে শুরু করে। পুলিশ জল কামান ব্যবহার করে তাদের ছত্রভঙ্গ করার চেষ্টা চালায়। ইতালিজুড়ে কয়েক হাজার মানুষ চলতি শীতকালীন অলিম্পিকের বিরোধিতা করে মিছিল করেছিল। তাদের অভিযোগ, অলিম্পিক আয়োজনের খরচ যোগাতে গিয়ে সাধারণ জনকল্যাণমূলক প্রকল্পে টান পড়েছে।

--------------------

টি -২০ বিশ্বকাপে আজ তিনটি ম্যাচ রয়েছে। প্রথম ম্যাচে চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে  আফগানিস্তান, নিউজিল্যান্ড এর সামনে জয়ের জন্য ১৮৩  রানের লক্ষ্যমাত্রা রেখেছে। টসে জিতে  আফগানিস্তান ব্যাটিং নেয়। নির্ধারিত ২০ ওভারে  তারা ৬ উইকেটে ১৮২ রান করে। শেষ পাওয়া খবরে জানা গেছে নিউজিল্যান্ড ৭ ওভারে  ২ উইকেটে  ৬৬ রান করেছে।

মুম্বই এর ওয়াংখেড়ে স্টেডিয়ামে  দ্বিতীয় ম্যাচে ইংল্যান্ড, নেপালের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল তিনটেয়। সন্ধ্যায় কলম্বোর আর প্রেমাদাসা স্টেডিয়ামে শ্রীলঙ্কা, আয়ারল্যান্ডের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা সাতটায়।

-------------------- --------------------